গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৯৯.০২৮.০০১.২০২২- ৪৬১

তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: জেলা প্রশাসক, সম্মেলন, ২০১৬-২০২২ এ মনিটরিং-১ শাখা সংশ্লিষ্ট সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরি পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা: মো: সারোয়ার বারী, মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | মহাপরিচালক (মইই) এর কার্যারয়, স্থানীয় সরকার বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং-১০১)। |
| তারিখ ও সময় | : | ০৮ নভেম্বর ২০২২ খ্রি:, সকাল ১১:০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জানান যে, জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-২০২২ এ নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়:

| সিদ্ধান্ত |
|---|
| যৌক্তিকতা যাচাই করে জেলা প্রশাসকের কার্যালয়ে উপপরিচালক, স্থানীয় সরকারের অধীনে উপসহকারী প্রকৌশলীর পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। |

উল্লিখিত সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২। | যুগ্মসচিব (মওমু), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩। | যুগ্মসচিব (আইন), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪। | উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৫। | উপসচিব (ইউপি-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬। | সহকারী সচিব (মনিটরিং-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৭। | উপসচিব (মনিটরিং-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য-সচিব |

০২। সভাপতি বলেন যে, জেলা পর্যায়ে কর্মরত উপপরিচালক, স্থানীয় সরকারগণ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান/সংস্থার উন্নয়নমূলক কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণ করে থাকেন। স্থানীয় সরকার প্রতিষ্ঠাগুলোর উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করার সময় একজন কারিগরী জ্ঞান সম্পন্ন কর্মকর্তা/কর্মচারী প্রয়োজন হয়। মাঠ পর্যায়ে কর্মরত উপপরিচালক, স্থানীয় সরকার কার্যালয়ে এরূপ কারিগরীভাবে দক্ষ কোন জনবল না থাকায় অনেক সময় বিভিন্ন প্রকল্পের কারিগরী পর্যালোচনা করা সম্ভব হয়না। এলজিএসপি প্রকল্প ডিসেম্বর, ২০২২ মাসে সমাপ্ত হলে প্রকল্পটি নিবিরভাবে মনিটরিং এর জন্য প্রকল্পের ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরগণকেও আর পাওয়া যাবেনা।

০৩। সভায় উপস্থিত যুগ্মসচিব (মওমু) অভিমত ব্যক্ত করেন যে, স্থানীয় সরকার বিভাগের মাঠ পর্যায়ে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম অধিকতর তদারকিসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করার লক্ষ্যে সকল পরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ে একজন করে সহকারী প্রকৌশলী (সিভিল) এবং সকল উপপরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ে একজন করে উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদ সৃজনের প্রয়োজনীয়তা রয়েছে। এর প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের পরিদর্শন প্রমাপ অনুযায়ী পরিচালক ও

উপপরিচালক, স্থানীয় সরকারগণ আরো পর্যবেক্ষণমূলক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে পারবেন। এ ছাড়া উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে অধিকতর স্বচ্ছতা আনয়ন করা সম্ভব হবে। উক্ত বিষয়ে উপসচিব, মনিটরিং-১ শাখা সভাকে অবহিত করেন যে, এধরণের পদ সৃজনের ক্ষেত্রে নিয়োগ বিধি, বেতনক্রম, পদোন্নতি, নিয়োগকারী কর্তৃপক্ষ ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য নিমিত্ত জনপ্রশাসন এবং অর্থ বিভাগকে সম্পৃক্ত করা যেতে পারে।

**সভায় সার্বিক আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**
স্থানীয় সরকার বিভাগের মাঠ পর্যায়ে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম অধিকতর তদারকিসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করার লক্ষ্যে সকল উপপরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ে একজন করে উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদ সৃজন করা প্রয়োজন। তবে তাদের নিয়োগ বিধি, বেতনক্রম, পদোন্নতি, নিয়োগকারী কর্তৃপক্ষ ইত্যাদি বিষয়ে জনপ্রশাসন এবং অর্থ বিভাগকে কমিটির পরবর্তী সভা আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা করা যেতে পারে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০।১১।২০২২

(ডা: মো: সারোয়ার বারী)
মহাপরিচালক (মইই)
স্থানীয় সরকার বিভাগ।

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৯৯.০২৮.০০১.২০২২ - ৪৯০/১(৭)

তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপসচিব (উপজেলা-২), শাখা, স্থানীয় সরকার বিভাগ।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৪। প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
৫। মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। যুগ্মসচিব (মওমূ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২০।১১।২২

মোহাম্মদ সাঈদ-উর-রহমান
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd